Learn AI with Kafi

✨ ARGON — ধাপে ধাপে গাইড • অক্টোবর ২০২৬

কোডিং ছাড়াই নিজের অ্যাপ

Gemini 4 Argon দিয়ে এক লাইনের প্রম্পটে দোকানের হিসাবের অ্যাপ বানান

ভিডিওতে যেটা দেখিয়েছি — কোন প্রম্পট দিতে হয়, কোড কীভাবে নামাবেন, আর ফোনে কীভাবে চালাবেন — সব ছবিসহ এক জায়গায়।





ধাপ ১–৩

Gemini খুলুন, Argon বেছে নিন

ফোনে Gemini অ্যাপ বা কম্পিউটারে **gemini.google.com** — দুই জায়গাতেই একই নিয়ম।

১ Gemini খুলে লগইন করুন

নিজের Google অ্যাকাউন্ট দিয়ে লগইন করুন। Argon মডেলটা **Google AI Pro** বা **Ultra** প্ল্যানে পাওয়া যায়।

২ মডেল থেকে "4 Argon" সিলেক্ট করুন

লেখার বক্সের ডান পাশে মডেলের নাম (যেমন **Pro** ⌄) চাপুন → লিস্ট থেকে **4 Argon — Complex tasks** বেছে নিন।



৩ এই প্রম্পটটা লিখে পাঠান

📋 **ভিডিওর আসল প্রম্পট**

আমার দোকানের জন্য একটা বাংলা হিসাবের অ্যাপ বানাও, যেখানে বিক্রি আর খরচ লিখলে দিনের লাভ দেখাবে।



ধাপ ৪–৬

কোড নামিয়ে ফোনে চালান

৪ Gemini পুরো অ্যাপের কোড দেবে

কয়েক মিনিটের মধ্যে একটা সম্পূর্ণ **HTML** কোড আসবে। কোড বক্সের উপরে ডান পাশে ⬇️ **Download code** বাটন চাপুন — .html ফাইল নেমে যাবে।

সম্পূর্ণ কোড (`index.html`)

নিচের কোডটি কপি করে আপনার কম্পিউটারে বা মোবাইলে `index.html` নামে সেভ করে যেকোনো ব্রাউজারে ওপেন করলেই অ্যাপটি কাজ শুরু করবে। চাইলে আপনার ওয়েবসাইটের যেকোনো পেজে কাস্টম HTML ব্লকেও এটি ব্যবহার করতে পারেন।

HTML

```
<!DOCTYPE html>
<html lang="bn">
<head>
    <meta charset="UTF-8">
    <meta name="viewport" content="width=device-width, initial-scale=1.0">
    <title>দোকানের দৈনিক হিসাব খাতা</title>
    <!-- Google Fonts: Hind Siliguri -->
    <link href="https://fonts.googleapis.com/css2?family=Hind+Siliguri:wght@400;500;
    <!-- Tailwind CSS -->
    <script src="https://cdn.tailwindcss.com"></script>
```

৫ ফাইলটা ফোনে খুলুন

ফাইলটা ফোনে আনুন (কম্পিউটারে নামালে Google Drive/WhatsApp দিয়ে নিজেকে পাঠান)। তারপর ফোনের **Files** অ্যাপ থেকে ফাইলটায় চাপুন → **Chrome** বা **HTML Viewer** দিয়ে খুলুন। অ্যাপটা সাথে সাথে চালু হবে।

৬ বিক্রি আর খরচ লিখুন — লাভ নিজে থেকেই

বিবরণ, টাকার পরিমাণ আর ধরন (বিক্রি/খরচ) দিয়ে **হিসাবের খাতায় যোগ করুন** চাপুন। মোট বিক্রি, মোট খরচ আর নিট লাভ সাথে সাথে আপডেট হবে।



💾 এই অ্যাপ হিসাবগুলো আপনার ব্রাউজারেই সেভ রাখে। একই ফোন আর একই ব্রাউজারে খুললে আগের হিসাব থেকে যাবে।

বোনাস

আরও ভালো অ্যাপের জন্য প্রম্পট টিপস

প্রম্পট যত পরিষ্কার, অ্যাপ তত ঠিকঠাক। এই প্রম্পটগুলো কপি করে নিজের মতো বদলে নিন।

🧾 বাকির খাতা

আমার দোকানের জন্য একটা বাংলা বাকির খাতা অ্যাপ বানাও। কাস্টমারের নাম, ফোন নম্বর, কত টাকা বাকি আর কবে দেবে লেখা যাবে। মোট বাকি উপরে দেখাবে। একটা HTML ফাইলে দাও।

📦 স্টক হিসাব

একটা বাংলা স্টক ম্যানেজমেন্ট অ্যাপ বানাও। পণ্যের নাম, কয়টা আছে, কেনা দাম, বিক্রি দাম রাখা যাবে। স্টক ৫টার নিচে নামলে লাল রঙে দেখাবে।

🎓 পড়াশোনার রুটিন

আমার জন্য একটা বাংলা পড়ার রুটিন অ্যাপ বানাও। বিষয়, সময় আর কাজ শেষ হলে টিক দেওয়া যাবে। সপ্তাহে কত ঘণ্টা পড়লাম সেটা চার্টে দেখাবে।

💸 মাসিক বাজেট

একটা বাংলা মাসিক বাজেট অ্যাপ বানাও। আয়, খরচের খাত (বাজার, ভাড়া, বিল) লিখলে মাসের শেষে কত টাকা বাঁচলো দেখাবে। মোবাইলে সুন্দর দেখাতে হবে।

✅ ৫টা গোল্ডেন রুল

- **কী লাগবে** সেটা পরিষ্কার লিখুন — কোন কোন ঘর থাকবে, কী হিসাব হবে।
- **"বাংলায়"** আর **"মোবাইলে সুন্দর দেখাবে"** লিখে দিন।
- **"একটা HTML ফাইলে দাও"** লিখলে নামানো আর চালানো সহজ হয়।
- কিছু পছন্দ না হলে একই চ্যাটে লিখুন: *"রঙ নীল করো"*, *"একটা প্রিন্ট বাটন দাও"* — Argon আগের কোড ঠিক করে দেবে।
- টাকা-পয়সার আসল হিসাব রাখার আগে কয়েকটা টেস্ট এন্ট্রি দিয়ে মিলিয়ে নিন।

🎁 **গিফট:** ভিডিওর কমেন্টে **ARGON** লিখে জানান Gemini দিয়ে আপনি কী করবেন — সবচেয়ে সুন্দর লেখা ২ জন পাবেন Gemini Pro ১৮ মাস ফ্রি। বিজয়ীদের নাম পেজে জানানো হবে।